# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (২২৩) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ (وَلاَ تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي عَلَى الْحَقِّ ظَاهِرِينَ لاَ يَضُرُّهُمْ مَنْ خَالَفَهُمْ حَتَّى يَأْتِيَ أَمْرُ اللَّهِ عَزَّ وَجَل) 'আমার উম্মাতের একটি দল সবসময় হকের উপর প্রতিষ্ঠিত থাকবে। যেসমস্ত লোক তাদের বিরোধীতা করবে তারা কিয়ামত পর্যন্ত সেই দলটির কোন ক্ষতি করতে পারবে না'। এখানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে দলটির কথা বলেছেন সেটি কোন্ দল?

উত্তরঃ এটি হচ্ছে ৭৩ দলের মধ্যে হতে নাজাতপ্রাপ্ত একটি দল। যেমন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঐসমস্ত দল হতে এই দলটিকে পৃথক করে বলেছেনঃ

(كُلُّهَا فِي النَّارِ إِلاَّ وَاحِدَةً وهي الجماعة)

"একটি দল ব্যতীত সমস্ত দলই জাহান্নামে যাবে। আর সেটি হচ্ছে আহ্লে সুন্নাত ওয়াল জামাআত। অন্য বর্ণনায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(هم من كان على مثل مَا أَنَا عَلَيْهِ وَأَصْحَابِي)

"তাঁরা হলেন ঐসমস্ত লোক, যারা আমার ও আমার সাহাবীদের তরীকার উপর চলবে"।[1]
আমরা আল্লাহর কাছে দু'আ করি তিনি যেন আমাদেরকে তাদের অন্তর্ভূক্ত করেন, আমাদের অন্তরকে হেদায়াতের উপর অটল রাখেন এবং আমাদেরকে তাঁর রহমত দ্বারা আচ্ছাদিত করে নেন। তিনিই মহান দাতা।

>

## ফুটনোট

[1] - তিরমিযী, অধ্যায়ঃ কিতাবুল ঈমান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12037

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন